53

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 3 1 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ...৩...

# ২১টি নয়া পলিটেকনিক ইনস্টিটিউট হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশে ২১টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন এবং এখন চালু ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট আধুনিকীকরণ করা হবে। এছাড়া জরুরি ভিত্তিতে গোপালগঞ্জ, পটুয়াখালী ও রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ শুরু করা হবে।

সম্প্রতি একনেক ভিন্ন ৩টি প্রকল্পের আওতায় এ সিদ্ধান্ত নিয়েছে।

দেশে চালু ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও ১৩টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্পের একনেক অনুমোদিত ব্যয় ২শ' ৭৬ কোটি ১৩ লাখ টাকা। এ প্রকল্পের আওতায় বিদ্যমান ২০টি পলিটেকনিকে চালু ১৩টি বিভাগে ৯৪টি টেকনোলজি এবং নির্বাচিত ১১টি বিভাগে যুগোপযোগী ৩০টি নতুন টেকনোলজি চালু করার কথা; কিন্তু আরো ২টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্ত হওয়ায় এখন ব্যয় বৃদ্ধি পাবে।

নির্বাচিত জেলা সদরে ১৫টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন এবং ১১টি বিভাগে ৪৩টি টেকনোলজি চালু করা হবে।

বর্তমানে চালু ২০টি এবং নতুন ১৫টি পলিটেকনিক ইনস্টিটিউটের নির্বাচিত ১২টি বিভাগে ৭৩টি টেকনোলজিতে ৩ বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স চালু করে প্রতিটিতে বছরে ৪০ জন ছাত্রছাত্রী ভর্তি হবে। এর ফলে প্রতিবছর নতুন ২ হাজার ৯শ' ২০ জন ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। এছাড়া চালু ৯৪টি টেকনোলজিতে ৪ হাজার ৬শ' ৪০ জন ছাত্রছাত্রী শিক্ষা লাভের সুযোগ পাবে।

ঢাকা মহিলা পলিটেকনিকে আরো ২টি নতুন টেকনোলজি চালু করা হবে।

ইনস্টিটিউট ঃ পৃঃ ৭ কঃ ৪

## ইনস্টিটিউট ঃ হবে

( ১ম পৃষ্ঠার পর )

দেশে বর্তমানে ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট রয়েছে। এগুলো হচ্ছে ঃ ঢাকা, ঢাকা মহিলা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, ময়মনসিংহ, কুমিল্লা, বরিশাল, বগুড়া, রংপুর, পাবনা, সিলেট, ফেনী, কাপ্তাই, ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, দিনাজপুর, টাঙ্গাইল এবং পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট।

এছাড়া ১৬টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্ত হয়েছে। এগুলো হচ্ছে ঃ শরীয়তপুর, ঠাকুরগাঁও, নওগাঁ, মাগুরা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, কক্সবাজার, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, লক্ষ্মীপুর, নরসিংদী, গাজীপুর, ভোলা, হবিগঞ্জ ও গোপালগঞ্জ।

মূল প্রস্তাবে ঝিনাইদহে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের প্রস্তাব ছিল; কিন্তু একনেক ঝিনাইদহের পরিবর্তে মাগুরায় এবং হবিগঞ্জে ও ভোলায় নতুন আরো দু'টি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্ত নেয়।

বর্তমানে ঢাকায় দেশের একমাত্র মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট রয়েছে। শিক্ষা মন্ত্রণালয় পুরাতন ৩টি বিভাগীয় সদর চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে আরো ৩টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করে। এ জন্য ব্যয় ধরা হয়েছে ৫১ কোটি ৩৮ লাখ টাকা। ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) এ জন্য সহায়তা দানে সম্মত হয়েছে। কিন্তু একনেক এ প্রকল্পটি অনুমোদনকালে নতুন ২ বিভাগীয় সদর বরিশাল ও সিলেটে আরো ২টি নতুন মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের নির্দেশ দিয়েছে। নতুন ২টি ইনস্টিটিউটের জন্য একনেক আইডিবি অথবা অন্য কোন উৎস থেকে বৈদেশিক সাহায্য সংগ্রহের জন্য ইআরডিকে প্রচেষ্টা চালাতে নির্দেশ দিয়েছে।

এছাড়া প্রধানমন্ত্রী বরগুনায় একটি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের প্রতিশ্রুতি দিয়েছেন। শিক্ষা মন্ত্রণালয় এ প্রতিশ্রুতি বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে।

যেখানে কোন বিশ্ববিদ্যালয় নেই এমন ১২টি পুরনো জেলা সদরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রথম পর্যায়ে ৬টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা শীর্ষক একটি প্রকল্প '৯৭ সালের ডিসেম্বরে অনুমোদিত হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়সমূহের জনবল নির্ধারণের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়ায় বিষয়টি সম্প্রতি একনেকের নির্দেশনার জন্য উপস্থাপিত হলে প্রধানমন্ত্রী গোপালগঞ্জ, পটুয়াখালী ও রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ জরুরি ভিত্তিতে শুরু করার নির্দেশ দেন। রংপুরের কারমাইকেল কলেজ এবং পটুয়াখালীর কৃষি কলেজের নিজস্ব জায়গা থেকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য জায়গা নেয়া হবে। এ প্রকল্পের আওতায় ফসলি জমি অধিগ্রহণ যথাসম্ভব পরিহার করতেও একনেক নির্দেশ দিয়েছে। এছাড়া একনেক উপযুক্ত স্থপতি দ্বারা প্রকল্প এলাকার পরিবেশের সঙ্গে সঙ্গতি রেখে বিশ্ববিদ্যালয় ভবনসমূহের ডিজাইন প্রণয়ন করতে এবং ক্যাম্পাসে খোলামেলা পরিবেশ নিশ্চিত করতে বলেছে।